অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/24/2022 **গভর্নর ক্যাথি হোকল**

অরলিন্স কাউন্টির ইয়েটস টাউনে সংস্কার প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে বলে গভর্নর হোকলের ঘোষণা

2.5 মিলিয়ন ডলারের পার্ক উন্নয়ন প্রকল্প ভবিষ্যতে বন্যা প্রশমন করবে; জনপ্রিয় চিত্তবিনোদনের এলাকার উন্নয়ন অঞ্চলের অধিবাসী ও দর্শনার্থীদের উপকৃত করবে

স্টেটের সংস্কার ও অর্থনৈতিক উন্নয়ন উদ্যোগের মাধ্যমে এই প্রকল্পের জন্য তহবিল সরবরাহ করা হয়েছে

সম্পন্ন হওয়া প্রকল্পের ছবি এখানে পাওয়া যাবে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেটের সংস্কার ও অর্থনৈতিক উন্নয়ন উদ্যোগের (Resiliency and Economic Development Initiative) অংশ হিসেবে অরলিয়েন্স কাউন্টির ইয়েটস টাউনে 2.5 মিলিয়ন ডলার অনুদান বরাদ্দ করা একটি সংস্কার প্রকল্পের কাজ সম্পন্ন হয়েছে। ইয়েটস টাউন পার্ক লেক ওন্টারিওর সরাসরি অ্যাক্সেস সহ টাউনের একমাত্র জনসাধারণের জন্য উন্মুক্ত চিত্তবিনোদনের স্থান হিসেবে কাজ করছে, যেখানে একটি প্যাভিলিয়ন ও পিকনিকের জায়গা সহ চিত্তবিনোদনের জন্য এক একরেরও বেশি খোলা জায়গা রয়েছে, এবং এই নতুন প্রকল্প ভবিষ্যতে বন্যার কারণে পার্কের ক্ষতিগ্রস্ত হওয়া প্রতিরোধ করতে এবং স্থানীয় অর্থনীতিকে সুরক্ষিত রাখতে সাহায্য করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

"নিউ ইয়র্কের অনেকগুলো কমিউনিটি জলবায়ু পরিবর্তনের প্রভাবের সম্মুখীন হওয়ার ঝুঁকিতে রয়েছে, এবং এধরনের প্রকল্পগুলো আমাদের উপকূলীয় কমিউনিটিগুলোকে আরো ভালো সুরক্ষা প্রদান করে," **বলেছেন গভর্নর হোকল।** "ইয়েটস টাউন পার্ক সম্প্রসারণ প্রকল্প ব্যবসা প্রতিষ্ঠান ও অধিবাসীদের সুরক্ষিত রাখতে, জন নিরাপত্তা বৃদ্ধি করতে, এবং অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত করতে বন্যা থেকে সুরক্ষার পদক্ষেপগুলো বৃদ্ধি করবে এবং উপকূলের সহনশীলতা বাড়াবে।"

এই পার্ক অধিবাসী ও ভিজিটর উভয়ের জন্য একটি জনপ্রিয় গন্তব্যস্থল এবং 2019 সালের ঐতিহাসিক বন্যার সময়, এই পার্ক উপকূলীয় অঞ্চলে উল্লেখযোগ্য ক্ষয়ক্ষতির সম্মুখীন হয়েছে। যথাযথ ড্রেনেজ ব্যবস্থা না থাকায় চিত্তবিনোদনের জায়গাটি পানিতে প্লাবিত হয়ে গিয়েছিল, যা

পার্কে গমনকারীদের জন্য নিরাপত্তা ঝুঁকি তৈরি করেছিল এবং পার্ক ব্যবহার করার পথ রুদ্ধ করে দিয়েছিল। REDI কর্মসূচির মাধ্যমে সম্পন্ন করা এই সংস্কার প্রকল্প উপকূলকে স্থিতিশীল করে তুলবে, ভবিষ্যতে বন্যা প্রশমিত করবে, এবং পানির উচ্চতা বেড়ে যাওয়ার সময়েও ইয়েটস টাউন পার্কের অব্যাহত অ্যাক্সেস নিশ্চিত করবে। এই প্রকল্পে গৃহীত সংস্কারমূলক পদক্ষেপসমূহ এবং পার্কের উন্নয়ন কাজের মধ্যে রয়েছে:

- ড্রেনেজ ও পানি জমে যাওয়া সংক্রান্ত গুরুতর চ্যালেঞ্জগুলো সমাধানের জন্য পার্কের ড্রেনেজ ও বৃষ্টির পানি ব্যবস্থাপনার সিস্টেম উন্নয়ন;
- নৌকা লঞ্চের স্থানে উপকূলের স্থিতিশীলতা;
- একটি করটপ নৌকা লঞ্চ স্থাপন করা;
- একটি ADA অনুবর্তী মাছ ধরার/পানির প্রবেশাধিকারের জেটির নির্মাণ;
- নতুন খেলার মাঠের সরঞ্জাম, একটি হাঁটার পথ, নতুন প্যাভিলিয়ন, এবং বাথরুম সুবিধা স্থাপন;
- পার্কের পার্কিং এরিয়া সম্প্রসারণ; এবং
- ল্যান্ডস্কেপিং এবং গ্রিনস্পেসের উন্নতিসাধন।

নিউ ইয়র্ক স্টেটের সেক্রেটারি অব স্টেট রবার্ট রডরিগেজ বলেন, "আমাদের জলপথগুলো অধিবাসীদের ও পর্যটকদের জন্য অ্যাক্সেসযোগ্য করে তোলা যেকোনো স্থানীয় অর্থনীতির জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। REDI কর্মসূচির কল্যাণে, ইয়েটস টাউন পার্কের উন্নয়ন ও সংস্কার উপকূল বরাবর এলাকা যাতে ভবিষ্যতে বন্যা থেকে সুরক্ষিত থাকে সে বিষয়টি নিশ্চিত করবে, তবে একইসাথে ভবিষ্যত প্রজন্মের সব দর্শনার্থীর জন্য চিত্তবিনোদনের আরো উন্নত অভিজ্ঞতাও প্রদান করবে।"

পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation) কমিশনার এবং REDI কমিশনের (REDI Commission)-এর সহ-সভাপতি বাসিল সেগোস বলেন, "গভর্নর হোকলের সহায়তায়, নিউ ইয়র্কের REDI বিনিয়োগগুলো বন্যার কারণে ক্ষতিগ্রস্ত হওয়া অবকাঠামো সফলভাবে পুনর্নির্মাণ করছে এবং সেগুলো নিয়ে পুনরায় চিন্তা করছে, যা লেক ওন্টারিওর উপকূলীয় কমিউনিটিগুলোতে পর্যটনের প্রসার ঘটাতে এবং নতুন অর্থনৈতিক সুযোগ তৈরি করতে সাহায্য করছে। উন্নত ইয়েটস পার্ক অধিবাসীদের জন্য বহু বছর ধরে উপভোগের সুযোগ প্রদান করবে, এবং একইসাথে এই অঞ্চলে নতুন দর্শনার্থীদেরকেও আকৃষ্ট করবে।"

স্টেট পার্কস কমিশনার এরিক কুলেসেইড বলেন, "ইয়েটস কমিউনিটির জন্য এটি একটি চমৎকার সংবাদ। ইয়েটস টাউন পার্ককে অধিকতর নিরাপদ, আরো বেশি শক্তিশালী এবং কমিউনিটির জন্য আরো বেশি অ্যাক্সেসযোগ্য করে তুলতে কাজ করার জন্য আমি স্টেট ও স্থানীয় অংশীদারদের অভিনন্দন জানাই।"

অর্থনৈতিক উন্নয়ন উদ্যোগের সহ-সভাপতি এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development)-এর প্রেসিডেন্ট, CEO ও কমিশনার হোপ নাইট বলেন, "প্লেসমেকিং নিউ ইয়র্কের অর্থনৈতিক উন্নয়ন কৌশলের একটি গুরুত্বপূর্ণ স্তম্ভ। ইয়েটস টাউন পার্ককে আরো বেশি সহনশীল করে তোলা শুধু যে অধিবাসীদের ও ভিজিটরদের লেক অন্টারিও

অ্যাক্সেস করার জন্য এটির এই চমৎকার জনসমাগমের স্থানটিকে সমৃদ্ধ করবে তাই নয়, বরং এই অঞ্চলের জলাভূমি যাতে স্থানীয় অর্থনীতিতে অব্যাহতভাবে অবদান রাখতে পারে সে বিষয়টিও নিশ্চিত করবে।"

স্টেট সিনেটর রবার্ট অর্ট বলেন, "ইয়েটস টাউনের দ্বিশতবার্ষিকী উদযাপন করার এই সময়ে, আমরা সবাই আমাদের কমিউনিটির পরিবারগুলোর জন্য একটি চমৎকার নতুন সবুজ এলাকা সম্পন্ন ও চালু হওয়া উদযাপন করছি। ইয়েটস টাউন পার্ক শুধু যে অধিবাসীদের জন্য একত্রিত হওয়ার এবং একসঙ্গে সময় কাটানোর একটি চমৎকার জায়গা হিসেবেই কাজ করবে তাই নয়, বরং এই REDI প্রকল্পের আওতাধীন উপকূল স্থিতিশীলকরণের কল্যাণে এটি লেক অন্টারিওর বন্যার বিরুদ্ধে সুরক্ষাও প্রদান করবে। এই প্রকল্প সম্পন্ন হওয়া REDI কমিশন কিভাবে উপকূল স্থিতিশীলকরণকে কমিউনিটির ব্যবহারের উপযোগী চমৎকার কোনো প্রকল্পের সঙ্গে সম্মিলিতভাবে বাস্তবায়ন করতে পারে তার একটি চমৎকার দৃষ্টান্ত।"

অ্যাসেম্বলিম্যান স্টিভ হাউলি বলেন, "ইয়েটস টাউন পার্কের এসব উন্নয়ন এটিকে আগের যেকোনো সময়ের চেয়ে আরো বেশি অ্যাক্সেসযোগ্য, নিরাপদ ও মজার পারিবারিক গন্তব্য হয়ে উঠতে সাহায্য করবে। আমি আনন্দিত যে কাছের ও দূরের মানুষদের উপভোগ করার জন্য এসব প্রকল্প শীঘ্রই সম্পন্ন হয়ে যাবে এবং আশা রাখি যে সেগুলো শীঘ্রই নিজেদের কোনো প্রিয়জনের সঙ্গে এই পার্কে একটি দিন কাটানোর জন্য স্থানীয়দেরকে উৎসাহিত করবে।"

অরলিয়েন্স কাউন্টির আইন পরিষদের সভাপতি লিন জনসন বলেন, "অরলিয়েন্স কাউন্টিতে REDI প্রকল্পগুলোর কাজ গুছিয়ে আনা অব্যাহত রাখার এই সময়ে, ভবিষ্যতে লেক ওন্টারিওর পানির উচ্চতা বেড়ে যাওয়া মোকাবেলার জন্য আমাদের লেকের তীরবর্তী অবকাঠামোকে আরো বেশি শক্তিশালী করে তোলার জন্য আমাদের প্রচেষ্টায় গভর্নর এবং REDI কমিশনের অব্যাহত সহায়তার জন্য আমি তাদেরকে ধন্যবাদ জানাতে চাই। এই প্রকল্প শুধু যে পানির উচ্চতা বেড়ে যাওয়া মোকাবেলার জন্য আমাদের সহনশীলতা উন্নত করেছে তাই নয়, বরং প্রত্যেকের উপভোগের জন্য নির্ভরযোগ্য এবং ব্যবহারযোগ্য চিত্তবিনোদনমূলক অবকাঠামো সরবরাহ করার মাধ্যমে আমাদের কমিউনিটির সদস্যদের জন্য জীবনের মান উন্নত করেছে।"

ইয়েটস টাউনের সুপারভাইজার জেমস সাইমন বলেন, "ইয়েটস টাউনের 200তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপনের জন্য লেক অন্টারিওতে আমাদের নান্দনিকভাবে সংস্কারকৃত টাউন পার্ক উদ্বোধন করার চেয়ে ভালো উপায় আর কী হতে পারে? নকশা প্রণয়ন থেকে নির্মাণকাজ সম্পন্ন করা পর্যন্ত প্রতিটি ধাপে গভর্নর ক্যাথি হোকল এবং REDI কমিশনের অংশীদারিত্ব ও সহায়তার জন্য আমরা কৃতজ্ঞ।"

অন্টারিও লেক এবং সেন্ট লরেন্স নদীর তীরে বন্যা হওয়ার প্রসারিত ধরণের প্রতিক্রিয়া হিসেবে নিউ ইয়র্ক স্টেট REDI প্রতিষ্ঠা করে উপকূলীয় কমিউনিটিগুলির স্থিতিশীলতা বৃদ্ধি করতে এবং অঞ্চলের অর্থনৈতিক উন্নয়ন জোরদার করার জন্য। পাঁচটি REDI আঞ্চলিক পরিকল্পনা কমিটি যা আটটি কাউন্টির অংশগ্রহণে গঠিত (নায়াগ্রা এবং অরলিন্স, মনরো, ওয়েইন, কায়ুগা এবং ওসওয়েগো এবং জেফারসন এবং সেন্ট লরেন্স), স্থানীয় অগ্রাধিকার, ঝুঁকিপূর্ণ পরিকাঠামো এবং

অন্যান্য সম্পদ এবং জননিরাপত্তা সংক্রান্ত উদ্বেগ চিহ্নিত করার জন্য প্রতিষ্ঠিত হয়েছিল। REDI-এর মাধ্যমে লেক অন্টারিও এবং সেন্ট লরেন্স নদীর বন্যা প্রবণ অঞ্চলের টেকসইতা উন্নত করতে স্টেট 300 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত প্রদান করতে প্রতিশ্রুতিবদ্ধ হয়েছে।

2019 সালের বসন্তে স্টেটের REDI প্রকল্প প্রতিষ্ঠার সময় থেকে এখন পর্যন্ত REDI এর অর্থায়নে 134টি স্থানীয় ও আঞ্চলিক প্রকল্প পরিচালিত হচ্ছে, যার মধ্যে 52টি প্রকল্প নকশা প্রণয়নের পর্যায়ে রয়েছে, 40টি প্রকল্পের নির্মাণকাজ চলছে, এবং 42টি প্রকল্পের কাজ সম্পন্ন হয়েছে। আরো তথ্য, প্রোজেক্ট প্রোফাইল ও REDI বিষয়ক সংবাদের জন্য, এখানে ক্লিক করুন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418